



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.১৪০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: ‘আমার মুজিব’ শিরোনামে শিক্ষার্থীদের নিকট থেকে লেখা ও ছবি আহ্বান।

জাতীয় শোক দিবস ২০২০ ও মুজিববর্ষ উপলক্ষে ‘আমার মুজিব’ শিরোনামে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার্থীদের নিকট থেকে নিম্নোক্ত বিভাগওয়ারী লেখা এবং ছবি আহ্বান করা হচ্ছে। মুজিব শতবর্ষে শত (১০০) শব্দের লেখা ও ছবি আঁকার মাধ্যমে শিক্ষার্থীরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি তাদের শ্রদ্ধা ও ভালবাসা জানাবে।

ক্রমিক নং	শ্রেণি	বিভাগ
১	ষষ্ঠ হতে অষ্টম	ক
২	নবম হতে দশম	খ
৩	একাদশ, দ্বাদশ, আলিম প্রথম ও দ্বিতীয় বর্ষ	গ
৪	অনার্স, মাস্টার্স, ডিগ্রি (পাস), ফাজিল ও কামিল	ঘ

শিক্ষার্থীরা শুধু লেখা, শুধু ছবি, অথবা লেখা ও ছবি একসঙ্গে জমা দিতে পারবে। লেখার জন্য প্রতি উপজেলায় প্রতিটি বিভাগ থেকে দুইজন করে শ্রেষ্ঠ লেখককে পুরস্কার প্রদান করা হবে। ছবির ক্ষেত্রে পুরস্কারের জন্য শিল্পীদেরকে জাতীয়ভাবে নির্বাচন করা হবে। এক্ষেত্রে প্রতি বিভাগ থেকে ২৫ জন করে ৪টি বিভাগে মোট ১০০ জন পুরস্কার পাবে। পরবর্তীতে বাছাই করা লেখা ও ছবিগুলো নিয়ে ‘আমার মুজিব’ নামে একটি গ্রন্থ প্রকাশ করা হবে।

২। অনুসরণীয় নিয়মাবলী:

লেখার ক্ষেত্রে শিক্ষার্থীরা A4 সাইজের সাদা কাগজে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা ও ভালবাসা জানিয়ে ‘আমার মুজিব’ শিরোনামে অনধিক ১০০ শব্দের একটি লেখা নিজ হাতে অথবা কম্পিউটারে (Nikosh Font-এ ১৩ সাইজে) লিখবে; ছবি আঁকার ক্ষেত্রে A4 সাইজের সাদা কাগজে/আর্ট পেপারে ‘আমার মুজিব’ বিষয়ে একটি ছবি আঁকবে (যে কোন মাধ্যমে)।

শিক্ষার্থীরা লেখার ক্ষেত্রে লেখার নিচে এবং ছবির ক্ষেত্রে ছবির পিছনে বিভাগের নাম (ক/খ/গ/ঘ), নিজের নাম (বাংলায়), শ্রেণি, শাখা, শিফট, রোল নম্বর, যোগাযোগের জন্য নিজের অথবা অভিভাবকের মোবাইল ও ই-মেইল নম্বর (যদি থাকে) উল্লেখসহ পাসপোর্ট সাইজের একটি ছবি সংযুক্ত করবে। অতঃপর লেখা/ছবি আগামী ০৮/০৮/২০২০ তারিখ দুপুর ১২টার মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে দাখিল করবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান লেখার ক্ষেত্রে নিচে এবং ছবির ক্ষেত্রে পিছনে সিলসহ প্রতিস্বাক্ষর প্রদানপূর্বক ০৮/০৮/২০২০ তারিখ অপরাহ্নের মধ্যেই সংশ্লিষ্ট থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ই-মেইলে প্রেরণ করবেন। থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান হতে ই-মেইলে প্রাপ্ত সকল লেখা ও ছবি আগামী ০৯/০৮/২০২০ তারিখের মধ্যে জেলা শিক্ষা অফিসারের নিকট ই-মেইলে প্রেরণ করবেন।

৩। জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটি:

১)	সংশ্লিষ্ট জেলার সর্বপ্রাচীন সরকারি কলেজের অধ্যক্ষ	আহ্বায়ক
২)	সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের একজন প্রতিনিধি	সদস্য
৩)	সংশ্লিষ্ট জেলা শহরে অবস্থিত পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি যিনি বাংলা ভাল জানেন	সদস্য

৪)	সংশ্লিষ্ট জেলা শহরে অবস্থিত পাবলিক পরীক্ষায় সেরা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি যিনি বাংলা ভাল জানেন	সদস্য
৫)	সংশ্লিষ্ট জেলা শহরে অবস্থিত পাবলিক পরীক্ষায় সেরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি যিনি বাংলা ভাল জানেন	সদস্য
৬)	আহবায়ক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট জেলার চারুকলায় অভিজ্ঞ একজন ব্যক্তি	সদস্য
৭)	সংশ্লিষ্ট জেলার জেলা শিক্ষা অফিসার	সদস্য সচিব


৪। জেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটির কার্যপরিধি:

ক) সংশ্লিষ্ট জেলার শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত লেখা আগামী ১২/০৮/২০২০ তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক উপজেলাভিত্তিক প্রতি বিভাগের জন্য ২টি করে লেখা নির্বাচন করতে হবে। যে সকল মহানগরে থানা মাধ্যমিক শিক্ষা অফিস রয়েছে শুধুমাত্র সে সকল মহানগরের থানা মাধ্যমিক শিক্ষা অফিসের অধিক্ষেত্রে একটি থানা (উপজেলা) হিসাবে গণ্য করতে হবে;

খ) জেলা পর্যায়ে হতে নির্বাচিত লেখা **Nikosh Font**-এ ১৩ সাইজে টাইপ করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি ও বিস্তারিত তথ্য আগামী ১৩/০৮/২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে ই-মেইলে প্রেরণ করতে হবে। একইসঙ্গে জেলার উপজেলাভিত্তিক বিভাগওয়ারী নির্বাচিত শিক্ষার্থীদের তালিকাতে জেলা কমিটির সকল সদস্য স্বাক্ষর করবেন এবং তা স্ক্যান করে মাউশি অধিদপ্তরে প্রেরণ করবেন। মাউশি অধিদপ্তরের ই-মেইল নম্বর পরবর্তীতে প্রেরণ করা হবে;

গ) ই-মেইলে প্রাপ্ত শিক্ষার্থীদের আঁকা সকল ছবিই JPG ফরমেটে A4 সাইজে হাই রেজুলেশনে (সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিজেদের পাসপোর্ট সাইজের ছবিসহ) শিক্ষার্থীদের বিস্তারিত তথ্যসহ আগামী ১৩/০৮/২০২০ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে; এবং

ঘ) লেখা, ছবি ও অন্যান্য তথ্যাদি সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।



৩০-৭-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ৫) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৬) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)
- ৭) জেলা প্রশাসক, ----- (সকল)
- ৮) অধ্যক্ষ, সকল কলেজ/মাদ্রাসা
- ৯) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ১০) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- (সকল অঞ্চল)
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ১২) সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ১৩) জেলা শিক্ষা কর্মকর্তা, ----- (সকল)
- ১৪) প্রধান শিক্ষক/সুপার, সকল বিদ্যালয়/মাদ্রাসা
- ১৫) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ----- (সকল)
- ১৬) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ১৭) সংরক্ষণ নথি।